জেলা পরিষদ, ফেনী
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ফেনী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং - ৪৬.০৪২.০০৬.০০.০০.১৩৯.২০১১-৩৮০৭ তারিখ ঃ ০৩.১২.২০১৪ খ্রিস্টাব্দ

বিষয় ঃ জেলা পরিষদের অনুমোদিত রাজস্ব বাজেটের শিক্ষা অনুদান খাতের বরাদ্দ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ হতে ১৬.৬.২০১৪ তারিখের ৪৬.০৪২.২০.০৩.০০.০০৩. ২০১২-২২৭১ নং স্মারকে জারীকৃত ২০১৪-২০১৫ অর্থ বছরের রাজস্ব বাজেট অনুমোদন সংক্রান্ত নির্দেশিকায় কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/পোষ্যদের শিক্ষা অনুদান প্রদানের ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করতে হবে মর্মে নির্দেশনা দেয়া হয়েছিল। গত ১১ সেপ্টেম্বর ২০১৪ তারিখে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত 'জেলা পরিষদের উন্নয়ন সংক্রান্ত বার্ষিক পর্যালোচনা সভা-২০১৪' এর সিদ্ধান্ত অনুযায়ী বিষয়টি নিম্নোক্তভাবে সংশোধন করা হলো ঃ

'জেলা পরিষদে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের সন্তান/পোষ্যদের একজনকে বছরে একবার [বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীর জন্য ৮,০০০/- (আট হাজার), কলেজে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীর জন্য ৬,০০০/- (ছয় হাজার) এবং স্কুলে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীর জন্য ৪,০০০/-(চার হাজার)] জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষা অনুদান প্রদান করা যাবে'।

০২। এমতাবস্থায়, বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো

(জুবাইদা নাসরীন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ,-------------(সকল)

অনুলিপি ঃ

১। মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রশাসক, জেলা পরিষদ----------------------------(সকল)
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।